গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

**জুলাই/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো : আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ২৯-০৭-২০২৫ সময় : বেলা- ০২.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান জরুরী বিভাগ বহি বিভাগ ও আন্ত বিভাগ চিকিৎসা সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া মাঠ পর্যায়ে বিভিন্ন প্রকার কার্যক্রম চলমান রয়েছে। কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সেবাদান সুষ্ঠুভাবে চলছে। সেপ্টেম্বর ২০২৫ মাস থেকে ৯ মাস থেকে ১৫ বছর বয়স শিশু এবং কিশোর কিশোরীদের টাইপয়েড ভ্যাকসিন প্রোগ্রাম শুরু হচ্ছে। এতে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। টাইপয়েড ভ্যাকসিন নিয়মিত দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য এবং চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তি বর্গের সুরক্ষার বিষয়ে যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,ততাহিরপুর। |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভিন্ন উইনিয়ন পর্যায়ে খরিপ-২ মৌসুম রোপা আমন ধানের বীজতলা প্রস্তুত করণ, চারা তৈরী ও কিছু কিছু জমিতে চরা মুল জমিতে রোপণের কাজ চলমান রয়েছে। তাছাড়া কৃষি কার্য়ক্রমে বর্তমানে কোন প্রকার সমস্যা নেই। | বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন মৌসুমে কৃষকগণকে ফসল উৎপাদনের ক্ষেত্রে সার্বিক বিষয়ে সুপরামর্শ ও সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। আসন্ন পবিত্র ঈদ-উল আযহা ২০২৫ উপলক্ষে গবাদি পশুর হাট বাজার শান্তিপূর্ণভাবে কেনা বেচা হয়েছে। দপ্তরের কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে | বিস্তারিত আলোচনান্তে মৎস্য সম্পদ রক্ষায় | উপজেলা মৎস্য |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাওর অঞ্চলে মৎস্য সম্পদ রক্ষায় মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | প্রয়োজনীয় অভিজান কার্যক্রম নিয়মিত চলমান রাখার জন্য উপজেরা মৎস্য অকর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয় | কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুরের পক্ষে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের একযোগে শিশুদের শিখন অবস্থা যাচাই করে চলতিমানে ও চলতি মানে চিহ্নিত করে নিরাময়ের ব্যবস্থা নেয়া হচ্ছে। তাছাড়া শিক্ষার মান উন্নয়নে জেলা পর্যায়ে থেকে ক্লাশ প্রোগ্রাম হাতে নেয়া হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম বিষয়াদি ও বিভিন্ন স্কুল পরিদর্শণের মাসিক প্রতিবেদন উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর বরাবরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হল।<br>০২। তাছাড়া শিক্ষার মান উন্নয়নে সার্বিক বিষয়ে নিয়মিত মনিটরিং করা এবং চলতি মানে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে, অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপির কোন বরাদ্দ আসেনি। তাছাড়া লজিক প্রকল্পের উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়নাধীন অব্যয়িত ৫৯,৭৩৯/- (উনষাট হাজার সাতশত উনচল্লিশ) টাকা শ্রীপুর উত্তর ইউনিয়নের ০৯ নং ওর্য়াডের মন্দিয়াতা গ্রামে নির্মিত গাইডওয়ালের টেকসই করার জন্য ০৪ ( চার) টি সার্পোট সিড়ি নির্মাণের জন্য সভায় প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। লজিক প্রকল্পের ২০২২-২০২৩ অবছরের অব্যয়িত ৫৯,৭৩৯/- টাকায় শ্রীপুর উত্তর ইউনিয়নের ০৯ ওয়ার্ডের মন্দিয়াতা গ্রামে বাস্তবায়ানাধীন গাইডওয়ালের টেকসই করার জন্য ০৪ টি সিড়ি নির্মাণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ১১ জুলাই ২০২৫ সুষ্ঠুভাবে বিশ্ব জনসংখ্যা দিকস যথাযথভাবে পালিত হয়েছে। চলতি জুলাই ২০২৫ FWC গুলোতে মোট ৪২ টি ডেলিভারী সুষ্ঠ ও নিরাপদভাবে সম্পন্ন হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান সংশ্লিষ্ট ভাতার কার্যক্রম চলমান আছে। তা ছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ভাতার কার্যক্রম সুষ্ঠভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, তাহিরপুরকে দৃষ্টি করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তাহিরপুর, পক্ষে সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিগত ২৭-০৭-২৫ তারিখে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে পরুস্কার বিতরণ করা হয়েছে। বর্তমানে এইচ এস সি পরিক্ষা চলমান রয়েছে। স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার কোড নম্বর প্রদান স্বীকৃতি নবায়ন ও নতুন মাদ্রসা স্থাপনের | বিস্তারিত আলোচনান্তে শিক্ষারমান উন্নয়নকল্পে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা এবং পরিদর্শন মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে এইচ. এস.সি পরিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা, তাহিরপুর, |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম চলমান | সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | |
| ১০ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ উপজেলায় ৩০-০৬-২০২৫ তারিখে নিবন্ধিত মোট সমিতির সংখ্যা-১৩০ টি তার মধ্যে ১২০ টি কার্যকর,-১০ টি অকার্যকর। ২০২৪-২০২৫ অর্থবছরের অডিট সম্পাদনের জন্য ১২০ টি প্রাথমিক সমিতি ০৩ টি কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সয়শ্লিষ্ট কার্যক্রম বিবি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিগত সভায় ন্যায় এ মাসেও তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | **জনস্বাস্থ্য বিভাগ** | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, অনুপস্তিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুরকে, অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের মোট ১৪.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৩৪.১৪ লক্ষ টাকা ঋণের কিস্ত আদায় করা হয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। যাদের নিকট বকেয়া রয়েছে জরুরী ভিত্তিতে তাগিদ পত্র দেওয়ার জন্য সর্বসম্মত্রিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | **মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর। |
| ১৬ | **আনসার ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান আসন্ন ১৩ তম জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষ্যে বর্তমানে আনসার ভিডিপি সদস্য/সদস্যাদের প্রশিক্ষন চলিতেছে। তাছাড়া টাংগুয়ার হাওর ওয়াচ টাওয়ার ও ট্যাকেরঘাট হাউজবোটগুলোতে | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর । |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | নিরাপত্তারজ জন্য উপজেলা নির্বাহী অফিসার ১২ জন আনসার সদস্যের নামের তালিকা সিলেট রেঞ্জ কমআন্ডার মহোদয়ে উপজেলা নির্বাহী অফিসারের প্রেরিত পত্র সদয় অনুমোদন দিয়েছে। | | |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তাছাড়া খেলাপী ঋণ আদায়ের জন্য উকিল নোটিশের কার্যক্রম চলমান। তাছাড়া চলতি মাসে ৬৫ লক্ষ টাকা আদায় করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বিট কর্মকর্তা | উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুর বিগত সভার ন্যায় সভায় জানান টাংগুয়ার হাওরে ওয়াচ টাওয়ারের পশ্চিম দিকে ৫৫ হেক্টর বিভিন্ন প্রজাতির বাগান সৃজন করা হয়। কিন্তু উক্ত স্থানে পর্যটকদের হাউজবোট নোঙ্গর করে এবং জেলে মাছ ধরার ফলে গাছগুলো ক্ষতি গ্রস্থ হচ্ছে। এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষে একটি সেমিনারে অবজিহত করা হলে টাংগুয়ার হাওর এলাকায় আনসার ক্যাম্প ও তার ইনচার্জ বিষয়টি দেখার জন্য নির্দেশ, প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে বাগানটি নিরাপত্তার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বিট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৯ | **বিবিধ:**<br><br>উপজেলা পরিষদের দৈনিক মজুরী ভিত্তিতে কর্মচারীদের দৈনিক মজুরী হার পনঃ নির্ধারণ সংক্রান্ত | সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলা পরিষদে দৈনিক মজুরী ভিত্তিতে ০৩ (তিন) জন কর্মরত কর্মচারী আছেন। তাদেরকে বিগত জুন/২০২৫ মাস পর্যন্ত সরকার পূর্বানুমোদিত হারে মজুরী প্রদান করা হয়েছে। কিন্তু ইতোমধ্যে অর্থমন্ত্রণালয় অর্থ বিভাগের ২২-০৫-২০২৫ তারিখের স্মারকনং ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩) ১৩০ মোতবেক "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা ২০২৫ এর আওতায় শ্রমিকের মজুরী হার পুণঃনির্ধারণ করা হয়েছে। তার আলোকে ০৩ জন কর্মচারী ২৯-০৭-২০২৫ তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে যে সব কার্যালয়ের জন্য পূর্বে দৈনিক মজুরী হার নিদর্ধারণ করা হয়েছিল সেসব কার্য়ালয়ের জন্য তাহা পূর্ণ নির্ধারণে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলা ও উপজেলা পর্যায়ে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়মিত দক্ষ শ্রমিক হিসেবে ৭০০/- ( সাতশত) টাকা নির্ধারণ করা হয়েছে। তাহিরপুর উপজেলা উপজেলা পরিষদে ০৩ (তিন) জন দৈনিক ভিত্তিতে শ্রমিক রয়েছেন ০১ | বিস্তারিত আলোচনান্তে অর্থমন্ত্রণালয়, ২২-০৫-২০২৫তারিখের স্মারকনং ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩) ১৩০ মোতবেক "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা ২০২৫ এর আওতায় শ্রমিকের মজুরী হার পুণঃনির্ধারণের বিষয়ে উপজেলা পর্যায়ে অর্থাৎ তাহিরপুর উপজেলা পরিষদে কর্মরত ০৩ (তিন) জন শ্রমিকের দৈনিক মজুরী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে বিবেচনা করে সরকার অনুমোদিত হারে দক্ষ শ্রমিক হিসেবে ৭০০/- (সাতশত) টাকা হারে জুলাই/২০২৫ মাস হতে কার্যক্রর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জনাব মো ঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক, ০২। জনাব নাহিদুল ইসলাম, পরিষ্কার পরিচ্ছন্নতাকর্মী, ০৩। জনাব মো ঃ আব্দুল কাইয়ুম, মালি এই উল্লেখিত নামীয় ০৩ ( তিন) জনকে দক্ষ শ্রমিক হিমেসেব ৭০০ ( সাতশত) টাকা দৈনিক মজুরী হারে প্রদানের জন্য পরিপত্র মোতাবেক জুলাই/২০২৫ মাস হতে কার্যক্রর করার জন্য সভায় আলোচনা করা হয়। | | |
| ২০ | চেয়ার ক্রয় সংক্রান্ত; | সভায় আলোচনা করা হয় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য জরুরী ভিত্তিতে প্লাস্টিকের ৫০ টি চেয়ার ৪০,০০০/- ( ত্রিশ হাজার) টাকায় ক্রয় করা হয়। তার মধ্যে ভ্যাট ১৫% ৬০০০/- আইটি ৫% ২০০০/- সর্বমোট ৪০,০০০/- ( ত্রিশ হাজার ) টাকা। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ৫০ টি চেয়ার ক্রয় বাবদ ভ্যাট আইটিসহ সর্বমোট ৪০,০০০/- উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২১ | ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট | উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থবছরের প্রণয়নকৃত খসড়া বাজেটের উপর পর্যবেক্ষণ করে পর্যবেক্ষণ সমূহ বিবচেনা রেখে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য বিদ্যমান বাজেট বিধি মালার নির্দেশনা মোতাবেক খসড়া বাজেটের মুদ্রিত কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। তাছাড়া ভূতাপেক্ষভাবে বাজেট সদয় অনুমোদনের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থবছরের প্রণয়নকৃত খসড়া বিদ্যমান বাজেটের বিধিমালা নির্দেশনা মোতাবেক খসড়া বাজেটের মুদ্রিত কপি ভূতাপেক্ষভাবে সভায় অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বাজেটের কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২২ | এসির সার্কিট ও গ্যাসের বিল | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসের এসির গ্যাস ও নতুন সার্কিট আউটডোর, ইনডোর বাবদ মোট বিল ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার ) টাকার বিল পরিশোধের জন্য জনাব আব্দুল আলিম ব্যয় ভাউচারসহ ২৮/০৭/২০২৫ খ্রি.একটি আবেদন দাখিল করেছেন। উক্ত বিলের ১৫ % ভ্যাট ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা, ৫% আয়কর ১,৭৫০- ( এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট প্রদেয় ২৮,০০০/- ( আটাশ হাজার টাকা)। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসের এসির গ্যাস, আউটডোর, ইনডোর সার্কিট সংযোজন ও মেরামতের ব্যয় বিল বাবদ মোট ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা, জনাব আব্দুল আলিমের নামে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধিমোতবেক পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২৩ | প্রকাশনা | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য,স্থির চিত্র সম্বলিত ৩০০টি পুস্তিকা প্রকাশনা বাবদ চৈতন্য প্রকাশনী,সিলেট কর্তৃক গত ১৫ জুলাই ২০২৫ খ্রি. তারিখে-সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার | বিস্তারিত আলোচনান্তে - চৈতন্য প্রকাশনী কর্তৃক দাখিলকৃত বিলটি বিধি মোতাবেক ভ্যাট ও আয়করসহ সর্বমোট ১,০০,০০০/- (একলক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ আলোকে পরিশোধ করার সর্বসম্মতিক্রমে | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | একটি বিল দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৪ | **ভাড়া নির্ধারণ** | তাহিরপুর উপজেলায় প্রাক্তন মুক্তিযোদ্ধা সংসদ ভবনটি সংস্কার ও মেরামত করা হয়। উল্লেখ্য যে, ভবনটির নিচ তলা ১৭,০০০/- ( সতের হাজার) টাকা ভাড়া ও ২য় তলার পূর্ব এবং পশ্চিমাংশে ভাড়া ৭০০০/- (সাত হাজার) টাকা করে নির্ধারণ করা হয়। ভবনের মাসিক মোট প্রাপ্ত আয় ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা নিয়মিতভাবে তাহিরপুর বিয়াম ল্যাবরেটরী স্কুলের হিসাব নম্বরে জমা করার জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় প্রাক্তন মুক্তিযোদ্ধা সংসদ ভবনের নিচতলা ১৭,০০০/-( সতের হাজার) টাকা ভাড়া ও ২য় তলার পূর্ব এবং পশ্চিমাংশের ভাড়া ৭০০০/- (সাত হাজার) টাকা করে ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা। সর্বমোট ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা।ভবনের সর্বমোট প্রাপ্ত ভাড়া নিয়মিতভাবে তাহিরপুর বিয়াম ল্যাবরেটরী স্কুলের হিসাব নম্বরে জমা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

বিশেষ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-৪৩ (৫০)

তারিখঃ ০৩ আগষ্ট,২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা.................................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ............................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব আবুল হাসেম উপজেলা নির্বাহী অফিসার
শরীয়তপুর সদর তারিখ:-২৭/০৭/২৫ সময়: ২টা:

| ক্র: | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল হাসেম | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০২ | আলী আহমদ মুরাদ | প্রোগ্রাম অফিসার ... | (স্বাক্ষর) |
| ০৩ | ড. হাবিব আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | (স্বাক্ষর) |
| ০৪ | মো: রফিকুল আলম | উপজেলা শিক্ষা অফিসার, | (স্বাক্ষর) |
| ০৫ | মো: শফিকুল ইসলাম | উপজেলা [illegible] | (স্বাক্ষর) |
| ০৬ | মো: মাহবুবুল হাসান | সহকারী প্রোগ্রাম অফিসার পল্লী সঞ্চয় ব্যাংক | (স্বাক্ষর) |
| ০৭ | মো: মুস্তাফিজুর হোসাইন | UF-LOGIC UNDP | (স্বাক্ষর) |
| ০৮. | মো: শফিকুল ইসলাম | উপজেলা কৃষি অফিসার | (স্বাক্ষর) |
| ০৯. | মোহাম্মদ মুজিবুল ইসলাম | UPIO | (স্বাক্ষর) |
| ১০ | মো: জুলফিকার ... | যুব উন্নয়ন কর্মকর্তা | (স্বাক্ষর) |
| ১১ | মোছাম্মৎ ... | উপজেলা ... শিক্ষা কর্মকর্তা | (স্বাক্ষর) |
| ১২ | আনিস আহমেদ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | (স্বাক্ষর) |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩ | মো. কামরুজ্জামান শেখ | সহ. ব্যবস্থাপক নিরাপত্তা অধিদপ্তর তাহিরপুর | [illegible] |
| ১৪ | ডা: প্রভাকর রায় | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | [illegible] |
| ১৫ | জিতেন্দ্র সূত্রধর | সহকারী কারিগরি কর্মকর্তা উপজেলা মৎস্য কার্যালয়, তাহিরপুর সুনামগঞ্জ | [illegible] |
| ১৬, | অর্পণ ঘোষ | [illegible] | [illegible] |
| ১৭ | অমর চন্দ্র সরকার | [illegible], বিজিবি তাহিরপুর ক্যাম্প | [illegible] |
| ১৮ | প্রশান্ত কুমার রায় | F.P.I পরিবার পরিকল্পনা কার্যালয় | [illegible] |
| ১৯ | মো: বাবুল মিয়া | চেয়ারম্যান [illegible] বালিজুরী ইউনিয়ন | [illegible] |
| ২০ | মো: আমিনুল হক | প্যানেল চেয়ারম্যান তাহি. সদর | [illegible] |
| ২১ | রবীন্দ্র কিশোর দাস, [illegible] টিটি [illegible], তাহিরপুর সুনামগঞ্জ, সিলেট [illegible] | টিম [illegible] [illegible] টিম তাহিরপুর, সুনামগঞ্জ | [illegible] |
| 22 | মুহম্মদ আমজাদ | FIVDB-WLCR Project tahirpur | [illegible] |

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৩ | মো: আমীর হোসেন | অফিস সহকারী | [signature] |
| ২৪ | শফিকুল ইসলাম | প্যানেল চেয়ারম্যান ৩নং ওয়ার্ড [illegible] | [signature] |
| ২৫ | মো: [illegible] ইসলাম | প্যানেল চেয়ারম্যান [illegible] | [signature] |
| ২৬ | মো: [illegible] [illegible] | প্যানেল চেয়ারম্যান [illegible] | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |